

(৫) করমুক্ত বা কর অব্যাহতি প্রাপ্ত আয়:

করদাতার করমুক্ত এবং কর অব্যাহতি প্রাপ্ত আয় থাকলে তা রিটার্নে উল্লেখ করতে হবে। ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের কয়েকটি খাত নিচে উল্লেখ করা হলো:

- (১) সরকারি চাকুরিজীবী করদাতা যদি চাকুরীর দায়িত্ব পালনের জন্য কোন বিশেষ ভাতা, সুবিধা বা আনুভোষিক (perquisite) পান;
- (২) সরকারি বা অনুমোদিত পেনশন;
- (৩) অংশীদারী ফার্ম হতে পাওয়া মূলধনী মুনাফার অংশ;
- (৪) ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত সরকারি বা অনুমোদিত প্র্যাচুইটি প্রাপ্তি;
- (৫) প্রতিডেন্ট ফার্ম এ্যাস্ট, ১৯২৫ অনুযায়ী উক্ত ফার্ম থেকে প্রাপ্ত অর্থ;
- (৬) স্থাকৃত প্রতিডেন্ট ফার্ম থেকে প্রাপ্ত অর্থ;
- (৭) স্থাকৃত সুপারএ্যান্যুয়েশন ফার্ম থেকে প্রাপ্ত অর্থ;
- (৮) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর আওতায় প্রতিষ্ঠিত ওয়ার্কার্স পার্টসিপেশন ফার্ম থেকে কোন ব্যক্তি কর্তৃক ৫০,০০০ টাকা পর্যন্ত প্রাপ্ত অর্থ;
- (৯) মিউচুয়াল ফার্ম অথবা ইউনিট ফার্ম থেকে প্রাপ্ত ২৫,০০০ টাকা পর্যন্ত আয় (সুদ, মুনাফা বা ডিভিডেন্ড);
- (১০) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানি থেকে প্রাপ্ত নগদ লভ্যাংশ খাতের আয় ৫০,০০০ টাকা পর্যন্ত;
- (১১) সরকারি নিরাপত্তা জামানতের সুদ যা সরকার করমুক্ত বলে ঘোষণা করেছে;
- (১২) রাজামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার কোন indigenous hillman-এর এই জেলাগুলোতে পরিচালিত আর্থিক কর্মকাণ্ডের ফলে প্রাপ্ত আয়;
- (১৩) আয়কর অধ্যাদেশের আওতায় জারিকৃত কোন প্রজাপন অনুযায়ী কর অব্যাহতি বা হ্রাসকৃত কর হারের সুবিধা গ্রহণকারী করদাতা ব্যক্তিত অন্যান্য করদাতার রপ্তানী ব্যবসা হতে প্রাপ্ত আয়ের ৫০%;
- (১৪) আয়ের একমাত্র উৎস ‘কৃষি খাত’ হলে কৃষি খাত হতে আয় ২,০০,০০০ টাকা পর্যন্ত;
- (১৫) সফটওয়্যার তৈরিসহ তথ্য-প্রযুক্তি সংশ্লিষ্ট কয়েকটি খাতের ব্যবসায় আয়। খাতগুলো হচ্ছে: Software development ; Software or application customization ; Nationwide Telecommunication Transmission Network (NTTN) ; Digital content development and management ; Digital animation development; Website development ; Web site services ; Web listing ; IT process outsourcing ; Website hosting ; Digital graphics design ; Digital data entry and processing ; Digital data analytics ; Geographic Information Services (GIS) ; IT support and software maintenance service ; Software test lab services ; Call center service ; Overseas medical transcription ; Search engine optimization services; Document conversion, imaging and digital archiving ; Robotics process outsourcing এবং Cyber security services .
- (১৬) হাঁস-মুরগীর খামার হতে অর্জিত আয় এর ক্ষেত্রে প্রথম ২০ লক্ষ টাকা পর্যন্ত ‘শূন্য’ হারে, পরবর্তী ১০ লক্ষ টাকা আয়ের উপর ৫% হারে এবং অবশিষ্ট আয়ের উপর ১০% হারে কর প্রদেয় হবে;
- (১৭) হাঁস-মুরগী, চিংড়ী ও মাছের হ্যাচারী)hatchery(এবং মৎস্য চাষ হতে অর্জিত আয় এর ক্ষেত্রে প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত ‘শূন্য’ হারে, পরবর্তী ১০ লক্ষ